

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
নরডিক-১ অধিশাখা
শেরে বাংলা নগর, ঢাকা


প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ১৯ ডিসেম্বর, ২০১৭ তারিখ বেলা ৪.০০ ঘটিকায় এনইসি-২ সম্মেলন কক্ষ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং ডেনমার্ক সরকারের মধ্যে “Agreement between the Government of the Kingdom of Denmark and the Government of People’s Republic of Bangladesh regarding “Climate Adaptation and Resilience Engagement (CARE) in Bangladesh”- শীর্ষক একটি অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়। ডেনমার্ক সরকার কর্তৃক প্রণীত “The World 2030-Denmark’s Strategy for Development Cooperation and Humanitarian Action Plan” অনুযায়ী এই প্রকল্পটি অনুমোদিত। “Bangladesh Climate Change Strategy and Action Plan, Seventh Five Year Plan (2016-2021)” এবং Perspective Plan of Bangladesh (2010-2021) এর প্রাধিকারসমূহকে বিবেচনার নিয়ে ডেনমার্ক সরকার CARE প্রকল্পটি প্রণয়ন করেছে।

০২। আলোচ্য চুক্তিটির দুইটি কম্পোনেন্ট যথা- (i) Climate Resilient and Rural Infrastructure Project II এবং (ii) Climate Resilient Water Supply and Sanitation Services through Strengthened Local Government Institutions. ১ম কম্পোনেন্টটি স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়ন করা হবে। এই কম্পোনেন্টের মাধ্যমে উপকূলীয় অঞ্চলে জলবায়ু সহনীয় অবকাঠামো যেমন সাইক্লোন সেন্টার, সামাজিক প্রতিষ্ঠান, গ্রাম্য বাজার এবং মৎস্য অবতরণ কেন্দ্র নির্মাণ করা হবে। এটি নোয়াখালী ও লক্ষ্মীপুর জেলায় বাস্তবায়িত হবে। ২য় কম্পোনেন্টটি HYSAWA (Hygiene, Sanitation and Water Supply) নামক একটি স্বায়ত্বশাসিত অলাভজনক আর্থিক প্রতিষ্ঠান বাস্তবায়ন করবে। HYSAWA এ প্রকল্পের মাধ্যমে বাংলাদেশের উপকূলীয় অঞ্চল নোয়াখালী, লক্ষ্মীপুর এবং পটুয়াখালী জেলায় জলবায়ু সহনীয় পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশনের ব্যবস্থা করবে এবং এ বিষয়ে স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোকে প্রশিক্ষণ দেবে।

০৩। বর্ণিত চুক্তিতে মোট আর্থিক সংশ্লেষ DKK ৫০ মিলিয়ন অর্থাৎ BDT ৬৫ কোটি। তন্মধ্যে ডেনমার্ক সরকারের অনুদানের পরিমাণ DKK ৩০ মিলিয়ন (BDT ৩৯ কোটি)। অবশিষ্ট DKK ২০ মিলিয়ন (BDT ২৬ কোটি) বাংলাদেশ সরকার প্রদান করবে। চুক্তিটির মেয়াদ ০৩ বছর (ডিসেম্বর ২০১৭ হতে নভেম্বর ২০২০)।

০৪। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব জনাব কাজী শফিকুল আযম এবং ডেনমার্ক সরকারের পক্ষে ঢাকাস্থ ডেনমার্কের মান্যবর রাষ্ট্রদূত Mr. Mikael Hemniti Winther চুক্তিটি স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে মিড্ সুলতানা আফরোজ, অতিরিক্ত সচিব এবং অনুবিভাগ প্রধান, সমন্বয় ও নরডিক, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং ডেনমার্ক দূবতাবাস, ঢাকা-এর উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।


মোহাম্মদ হুমায়ুন কবীর
উপ-সচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার